

১) ঠিক উত্তরটি নির্বাচন করো : $১ \times ৩ = ৩$

১.১) ML^2T^{-2} যে ভৌত রাশির মাত্রীয় সংকেত তা হলো—

(ক) কার্য

(খ) ক্ষমতা

(গ) বল

(ঘ) ভরবেগ

উত্তর : ML^2T^{-2} যে ভৌত রাশির মাত্রীয় সংকেত তা হলো — (ক) কার্য

১.২) নীচের যেটি ভেক্টর রাশি সেটি হলো —

(ক) কার্য

(খ) দ্রুতি

(গ) ভরবেগ

(ঘ) ক্ষমতা

উত্তর : নীচের যেটি ভেক্টর রাশি সেটি হলো — (গ) ভরবেগ

১.৩) ত্বরণের মাত্রীয় সংকেত হলো —

(ক) MLT^{-2}

(খ) LT^{-1}

(গ) LT^{-2}

(ঘ) MLT^{-2}

উত্তর : ত্বরণের মাত্রীয় সংকেত হলো —(গ) LT^{-2}

২) একটি শব্দে অথবা একটি বাক্যে উত্তর দাও : $১ \times ৩ = ৩$

২.১) একটি স্কেলার রাশির নাম লেখাে যার একক নেই।

উত্তর : একটি স্কেলার রাশি হলো আপেক্ষিক গুরুত্ব। এর একক নেই।

২.২) ভরবেগ লব্ধ একক না মৌলিক একক?

উত্তর : ভরবেগ একটি লব্ধ একক।

২.৩) চাপ ভেক্টর রাশি না স্কেলার রাশি?

উত্তর : চাপ একটি স্কেলার রাশি।

**বাকি প্রশ্নের উত্তরের জন্য ছাত্র ছাত্রীরা পুরো পাঠ্যবই
টিকে ভালোমতো পড়ে নিজে করার চেষ্টা করো।**